

**দেশের বাইরে পাঁচ
কেন্দ্রে পাস করেছেন
১৪৮ শিক্ষার্থী**

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

২০১৩ সালের এইচএসসি ও
সমমানের পরীক্ষায় এ বছর দেশের
বাইরে অবস্থিত মোট পাঁচটি কেন্দ্রে
১৪৮ শিক্ষার্থী পাস করেছেন। পাসের
মুঠ ৯০ মসমিক ২৪। গতকাল
পনিবার প্রকাশিত এইচএসসি পরীক্ষার
ফলাফল অনুযায়ী এ বছর বিনেশি
পাঁচটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ
কেন্দ্রগুলোতে ১৬৪ শিক্ষার্থী অংশ গ্রহণ
করে। পাস করে ১৪৮ জন। অকৃতকার্ধ
হয়েছে ১৬ জন। ডিপিএ ৫ পেয়েছেন
৩২ জন।

পাঁচ কেন্দ্রের মধ্যে কাতারের
বাংলাদেশ মাদ্রাস-উল-হক
বেম্বোরিয়াল হাই স্কুল এন্ড কলেজ
থেকে ২২ পরীক্ষার্থীর মধ্যে ১৯ জন
পাস করেন। আবুধাবির শেখ সলিম
বিন আয়েদ বাংলাদেশ ইসলামিয়া স্কুল
এন্ড কলেজ থেকে ২৪ শিক্ষার্থীর ১৯
জন, জেদার বাংলাদেশ
ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের ৪৮
জনের মধ্যে ৪৫, রিচমন্ডের বাংলাদেশ
ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজের ৬৫
জনের মধ্যে ৬০ জন এবং গ্রিপারির
বাংলাদেশ কমিউনিটি স্কুল এন্ড
কলেজের পাঁচ পরীক্ষার্থীর মধ্যে
সকলেই পাস করেন।